NOV. 19 2001

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ কলাম ৩ ......

# ঢাবির বিভিন্ন হলে বহিরাগতরা এখনো বহাল তবিয়তে

কাগজ প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে অবস্থানরত 'বহিরাগত অছাত্র' এবং 'বহিরাগত ছাত্রদের হল ত্যাগ করার জন্য বিশ্ববিদ্যালয়

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৩

# ঢাবির বিভিন্ন হলে

● প্রথম পাতার পর

কর্তৃপক্ষের বেঁধে দেওয়া সময়সীমা গতকাল শেষ হলেও হলগুলোতে এখনো বহিরাগতরা বহাল তবিয়তে রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ঘুরে দেখা গেছে, কর্তৃপক্ষের হল ত্যাগের নির্দেশ থোড়াই কেয়ার করে বহিরাগতরা দাপটের সঙ্গে হলে ঘুরে বেড়াচ্ছে।

বিশেষ করে মুহসীন, এস. এম, এফ রহমান, সূর্যসেন, বঙ্গবন্ধু, জিয়াউর রহমান, জহুরুল হক, জগন্নাথ হলে বেশ কিছু সংখ্যক বহিরাগত অছাত্র এবং ছাত্র অবস্থান করছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়।

মুহাসীন হলে গতকাল পর্যন্ত নগরীর টপটেরর ইমনের আত্মীয় টিটন, রানা, অপুসহ বেশ কিছু বহিরাগতের অবস্থান সম্পর্কে নিশ্চিত হওয়া গেছে। এই হলের ৪৫৪, ৪৫৫, ৪৫৬ সহ সংলগ্ন রুমগুলোতে বহিরাগতরা অবস্থান করছে বলে হলের একটি সূত্র জানায়। হলগুলোতে বহিরাগতরা সশস্ত্র অবস্থায় অবস্থান করছে বলে জানা যায়।

এদিকে বহিরাগতদের হল ত্যাগের সময়সীমা উত্তীর্ণ পরবর্তী কার্যক্রম সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত প্রক্টর ড. নজরুল ইসলাম বলেন, আমরা সরকারসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বলেছি বহিরাগতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য। তিনি আরো বলেন, বহিরাগতদের অবস্থান সম্পর্কে পুলিশের কাছে তথ্য রয়েছে। আমরা পুলিশ প্রশাসনের অনুরোধ জানাবো তাদেরকে পিকড আপ করার জন্য।